

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্হু শেখ মুজিবুর  
রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ শ্রাবণ ১৪২৭/০৬ আগস্ট ২০২০

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৯.১৬৪—লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের  
সচিব জনাব নরেন দাস করোনাভাইরাস কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে বঙ্গবন্হু শেখ মুজিব মেডিক্যাল  
বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ২১ জুলাই ২০২০ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর  
বয়স হয়েছিল ৫৫ বছর।

২। জনাব নরেন দাসের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের  
সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১২ শ্রাবণ ১৪২৭/২৭ জুলাই ২০২০ তারিখের  
বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

( ৭৯৯৩ )  
মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

ঢাকা :  $\frac{১২ শ্রাবণ ১৪২৭}{২৭ জুলাই ২০২০}$

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব জনাব নরেন দাস করোনাভাইরাস কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ২১ জুলাই ২০২০ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর।

জনাব নরেন দাস ১৯৬৫ সালে ঢাকা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি মুরাদপুর আদর্শ উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক এবং নটরডেম কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে কৃতিত্বের সঙ্গে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিপ্লি অর্জন করেন।

জনাব নরেন দাস নবম বিসিএস-এ ১৯৯১ সালে জুডিসিয়াল ক্যাডারে যোগদান করেন। কর্মজীবনের শুরুতে তিনি সহকারী জজ এবং সিনিয়র সহকারী জজ হিসাবে দায়িত্ব পালন করেন। জনাব নরেন দাস ১৯৯৮ সালে সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) পদে প্রেয়গে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে যোগদান করেন। পর্যায়ক্রমে তিনি উপসচিব (ড্রাফটিং), যুগ্মসচিব (ড্রাফটিং) এবং অতিরিক্ত সচিব (ড্রাফটিং) পদে দক্ষতার সঙ্গে কাজ করে গেছেন। সর্বশেষ তিনি গত ৩ নভেম্বর ২০১৯ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব হিসাবে যোগদান করেন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত উক্ত পদে অধিষ্ঠিত থেকে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে যান। সচিব হিসাবে ‘আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ’ প্রণয়নসহ বেশ কয়েকটি অধ্যাদেশ ও বিধি-বিধান প্রণয়নের ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁর প্রজ্ঞা, দক্ষতা, যোগ্যতা, দায়িত্ববোধ ও পেশাদারিত চাকুরির সর্বক্ষেত্রেই একজন সফল কর্মকর্তা হিসাবে তাঁকে সুপ্রতিষ্ঠিত করেছে।

জনাব নরেন দাস প্রায় ২৯ বছর যাবৎ আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের মধ্য দিয়ে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছিলেন। আচার-আচরণে একজন বিনয়ী, নম্র ও সহানুভূতিশীল ব্যক্তি হিসাবে সর্বমহলে তিনি ছিলেন সমধিক পরিচিত। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দ্য ও সহমর্মিতাপূর্ণ সম্পর্ক।

মন্ত্রিসভা প্রজাতন্ত্রের কর্মে জনাব নরেন দাসের পেশাদারিত্বমূলক অবদান শুন্দার সঙ্গে স্মরণ করছে। মন্ত্রিসভা তাঁর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।